

বিশ্ব রাংকিংয়ে এক ধাপ পেছালো চট্টগ্রাম বন্দর

- A Monitor Desk Report

Date: 31 August, 2025



চট্টগ্রামঃ বৈশ্বিক কনটেইনার হ্যান্ডলিং রাংকিংয়ে এক ধাপ পিছিয়েছে দেশের প্রধান সমুদ্রবন্দর চট্টগ্রাম।

শিপিংবিষয়ক প্রাচীন সংবাদমাধ্যম লয়েড'স লিস্ট প্রকাশিত ২০২৫ সালের তালিকায় চট্টগ্রাম বন্দরের অবস্থান ৬৮তম। শনিবার (৩০ আগস্ট) রাতে প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে এ তালিকা প্রকাশ করা হয়।

গত বছর অর্থাৎ ২০২৪ সালে চট্টগ্রাম বন্দরের অবস্থান ছিল ৬৭তম। তার আগের বছরও একই অবস্থান ধরে রেখেছিল বন্দরটি। যদিও এবার কনটেইনার হ্যান্ডলিংয়ের পরিমাণ বেড়েছে, তবুও অন্যান্য বন্দর আরও বেশি প্রবৃদ্ধি অর্জন করায় এক ধাপ অবনমন ঘটেছে।

লয়েড'স লিস্ট প্রতিবছর বিশ্বের শীর্ষ ১০০ বন্দরের তালিকা প্রকাশ করে। এতে শুধুমাত্র কনটেইনার হ্যান্ডলিংয়ের পরিমাণকেই বিবেচনায় নেওয়া হয়। অন্যান্য সূচক এতে অন্তর্ভুক্ত থাকে না। আন্তর্জাতিকভাবে বন্দরের সক্ষমতা যাচাইয়ে এই তালিকাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়।

প্রকাশিত তথ্যমতে, ২০২৪ সালে চট্টগ্রাম বন্দর ৩২ লাখ ৭৫ হাজার ৬২৭ টিইইউএস (২০ ফুট সমমানের কনটেইনার) হ্যান্ডলিং করেছে। আগের বছর ২০২৩ সালে এ সংখ্যা ছিল ৩০ লাখ ৫০ হাজার ৭৯৩ টিইইউএস। অর্থাৎ এক বছরে প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ৪ শতাংশ।

অবনমনের কারণ হিসেবে ধারণা করা হচ্ছে, চট্টগ্রামের প্রবৃদ্ধি সত্ত্বেও বিশ্বের অন্যান্য বন্দর তুলনামূলক বেশি কনটেইনার হ্যান্ডলিং করেছে।

প্রকাশিত তালিকায় বরাবরের মতো শীর্ষে রয়েছে চীনের সাংহাই বন্দর। দ্বিতীয় অবস্থানে সিঙ্গাপুর বন্দর, তৃতীয় চীনের নিংবো বন্দর। শীর্ষ দশের মধ্যে ৬টি বন্দরই চীনের দখলে। দশম অবস্থানে রয়েছে মালয়েশিয়ার পোর্ট ক্লাং।

